রিচিং আউট অব স্কুল চিলড্রেন (রস্ক) ফেইজ-২ প্রকল্প
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
মিরপুর, ঢাকা-১২১৬

স্মারক নংঃ প্রাশিঅ/রস্ক ফেইজ-২/ পাইলট কার্যক্রম/১৩৫/১৪/ তারিখঃ ২৪/০৩/২০১৫

শিক্ষক তালিকাভুক্তির আবেদনের বিজ্ঞপ্তি

রিচিং আউট অব স্কুল চিলড্রেন (রস্ক) ২য় পর্যায় প্রকল্পের আওতায় এপ্রিল ২০১৫ হতে "আরবান স্লাম চিলড্রেন এডুকেশন পাইলট প্রোগ্রাম'-এর কার্যক্রম শুরু হতে যাচ্ছে। এ প্রোগ্রামের আওতায় ঢাকা শহরের নির্বাচিত ২৮টি স্লামের মধ্যে ২০ টি 'স্কুল কম্পাউন্ড' প্রতিষ্ঠা করা হবে। প্রতিটি স্কুল কম্পাউন্ডে ৩টি লার্নিং সেন্টার এবং ১টি চিলড্রেন ক্লাব থাকবে। প্রকল্পকালীন সময় (২০১৫-২০১৭) পর্যন্ত প্রতিটি লার্নিং সেন্টারে ৮-১৪ বৎসর বয়সী ২৫-৩০ জন বিদ্যালয় বহির্ভূত শিশু ভর্তি করার মাধ্যমে প্রাথমিক শিক্ষা কার্যক্রম পরিচালিত হবে। উক্ত কার্যক্রম বিশ্ব ব্যাংক ও বাংলাদেশ সরকারের অর্থায়নে পরিচালিত হবে এবং এ কার্যক্রম বাস্তবায়নে সেভ দ্যা চিলড্রেন কারিগরি সহায়তা প্রদান করবে। উল্লিখিত কার্যক্রম পরিচালনার জন্য রস্ক কর্তৃক শিক্ষক তালিকাভুক্তির জন্য প্রকৃত বাংলাদেশি যোগ্য নাগরিকদের নিকট হতে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

যোগ্যতাসম্পন্ন ও আগ্রহী প্রার্থীদেরকে আগামী ০৫ এপ্রিল ২০১৫ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে সংযুক্ত ছকমোতাবেক আবেদন পত্র দাখিল করতে হবে।

শিক্ষা কার্যক্রম বাস্তবায়নের জন্য ঢাকা শহরের নির্বাচিত বস্তি এলাকাসমূহের তালিকা নিম্নে উল্লেখ করা হলো :

ক.ঢাকা উত্তর সিটি কর্পোরেশন :

১) জেনেভা ক্যামপ, মোহাম্মাদপুর
২) আব্দুর রহমানের বস্তি, মোহাম্মাদপুর
৩) সনিরবিল বস্তি, আদাবর
৪) সোনামিয়ার বস্তি, পাইয়োনিয়ার হোল্ডিং লিঃ, মোহাম্মাদপুর
৫) ঘাটিপাড়া/হিন্দুপাড়া বস্তি, মিরপুর
৬) গুদারা ঘাট বস্তি, মিরপুর
৭) মিল্কভিটা বস্তি, মিরপুর
৮) ভোলা বস্তি, সুজাত নগর বস্তি, মিরপুর
৯) নাগরা বস্তি,শাহজাহানের বস্তি, মিরপুর
১০)আমিন মোল্লার বস্তি, ইলিয়াসের বস্তি, হারুনের বস্তি, মিরপুর
১১)সানুর বস্তি, শ্যামলী
১২)শ্যামল পল্লী বস্তি, মিরপুর
১৩)মোতাহারের বস্তি, আলমের বস্তি, আগারগাওন
১৪)রাজুর বস্তি, পল্লবী, মিরপুর
১৫)বেগুনটিলা বস্তি, পল্লবী, মিরপুর
১৬)ধামালকোট বস্তি, মিরপুর

১৭)বাসতলা বস্তি, দক্ষিণ ইব্রাহীমপুর
১৮) তেজগাঁও সাততলা বস্তি, তেজগাঁও
১৯) ভাষানটেক, মিরপুর।

খ.ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন :

২০) মানিক নগর বস্তি, মানিক নগর
২১) ধলপুর সিটিপল্লী, ধলপুর
২২) যাত্রাবাড়ী-গেন্ডারিয়া, মির হাজিরবাগ, ধোলাইপার, কাজলা বস্তি
২৩) মাতুয়াইল বস্তি, মাতুয়াইল
২৪) রেলওয়ে বস্তি, খিলগাঁও
২৫) কামরাঙ্গির চর
২৬) ঝাউচর, কামরাঙ্গিরচর
২৭) তাজু কোম্পানির বস্তি,
২৮) পশ্চিম হাজারির বাগ।

১.আবেদনকারীর যোগ্যতাসমূহ:

১) শিক্ষাগত যোগ্যতা : এইচ.এস.সি. বা সমমান, কমপক্ষে দ্বিতীয় বিভাগ/জিপিএ-২.৫
২) বয়স : ০৫/০৪/২০১৫ ইং তারিখে ২০-৪০ বছর
৩) যেসকল আবেদনকারী আবেদনাধীন বস্তিএলাকার সর্বোচ্চ ২ কিলোমিটার দূরত্বের মধ্যে বসবাস করেন তাদের অগ্রাধিকার প্রদান করা হবে
৪) অভিজ্ঞতা: আবেদনকারীর শহরের বস্তি এলাকায় শিক্ষা কার্যক্রমের ওপর কমপক্ষে তিন বছরের কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে
৫) বেতন-ভাতা : চূড়ান্তভাবে তালিকাভূক্ত শিক্ষকগণ সর্বসাকুল্যে মাসিক ৮০০০.০০ (আট হাজার) টাকা বেতন পাবেন এবং সফল-কর্মদক্ষতা প্রদর্শনপূর্বক সাফল্য-ভাতা হিসেবে প্রতিবছর অতিরিক্ত একমাসের বেতনের সমপরিমান ভাতা পাবেন।

২.দায়িত্ব ও কর্তব্য :

১) শিক্ষকের প্রধান দায়িত্ব হবে শ্রেণিকক্ষে মানসম্মত পাঠদান করা
২) সপ্তাহে পাঁচ দিন (চল্লিশ ঘন্টা) পাঠদান করতে হবে
৩) শিক্ষর্থীর পিতা-মাতা/অভিভাবগণের সাথে নিয়মিত সভা করতে হবে
৪) নিয়মিত সিএমসি সভা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে হবে
৫) প্রতিটি শিক্ষার্থীর বাড়ী পরিদর্শন পূর্বক শিক্ষার্থী ও তাদের পিতা-মাতা/অভিভাবকগণকে শিক্ষার প্রতি উদ্বুদ্ধ করতে হবে
৬) কম্পাউন্ড ম্যানেজমেন্টে কমিটি (সিএমসি)-সহ বিভিন্ন স্টেকহোল্ডার, পিতা-মাতা/অভিভাবকগণকে, ট্রেনিং কো-অর্ডিনেটর, মনিটরিং অফিসারগণের সঙ্গে সমন্বয়পূর্বক সুষ্ঠুভাবে শিক্ষাকেন্দ্র পরিচালনা করতে হবে
৭) প্রকল্প কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে

৩.আবেদনের নিয়মাবলী:

নিম্নে উল্লেখিত ছক অনুযায়ী জীবন বৃত্তান্তসহ বর্ণিত কাগজ-পত্র সংযোজনপূর্বক আবেদনপত্র আগামী ০৫/০৪/২০১৫ তারিখের মধ্যে দাখিল করতে হবে

১. সদ্য তোলা পাসপোর্ট সাইজের ১ (এক) কপি সত্যায়িত ছবি
২. পরীক্ষা পাসের সকল সনদ/প্রশংসাপত্রের সত্যায়িত অনুলিপি/ফটোকপি
৩. অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত অনুলিপি/ফটোকপি
৪. ওয়ার্ড কমিশনার কর্তৃক ইস্যুকৃত জাতীয়তা সনদপত্রের সত্যায়িত ফটোকপি
৫. জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি
৬. সিটি কর্পোরেশনের বস্তি উন্নয়ন বিভাগের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা কর্তৃক শহরের বস্তিতে শিক্ষা কার্যক্রমে শিক্ষক হিসেবে দায়িত্ব পালনের অভিজ্ঞতার প্রত্যয়ন পত্রের সত্যায়িত অনুলিপি/ফটোকপি।

৪.সাধারণ জ্ঞাতব্য/ নির্দেশিকা:

১. প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত সাপেক্ষে লিখিত অথবা মৌখিক অথবা ব্যবহারিক অথবা উল্লিখিত সকল ধরনের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে
২. চাকুরীরত প্রার্থীদেরকে স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

২৪/০৩/২০১৫
(ড. এম. মিজানুর রহমান)
প্রকল্প পরিচালক
ফোন ঃ ৯০০৯২৩০

৫.আবেদনের ছক :

তথ্যছক/জীবন বৃত্তান্ত

১.আবেদনকারীর নাম
বংলায় :
ইংরেজিতে (ক্যাপিট্যাল লেটার) :

২.আবেদনকারীর বর্তমান ঠিকানা
বাংলায় :
ইংরেজিতে :

৩.স্থায়ী ঠিকানা
বাংলায় :
ইংরেজিতে :

৪.পিতার নাম/স্বামীর নাম :

৫.মাতার নাম :

৬.টেলিফোন/মোবাইল ফোন নম্বর :

৭.জন্ম তারিখ ও বয়স (বিজ্ঞাপনে উল্লেখিত আবেদনপত্র জমাদানের শেষ তারিখে বয়স) :

৮.বর্তমান আবাস স্থলের ঠিকানা (আবেদনাধীন স্কুল কম্পাউন্ডের ২ কিলোমিটারের মধ্যে হতে হবে) :

৯.ধর্ম :

১০.শিক্ষাগত যোগ্যতা

ক্র.নং	পরীক্ষার নাম	পাশের সন	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	বোর্ড/বিশ্ববিদ্যালয়	প্রাপ্ত শ্রেণি/বিভাগ/জিপিএ	প্রধান পাঠ্যবিষয়সমূহ

১১.অভিজ্ঞতা

ক্র.নং	পদের নাম ও প্রতিষ্ঠান	বর্তমান/সর্বশেষ প্রাপ্ত বেতন (মাসিক)	নিয়োগের ধরন	চাকুরীর মেয়াদকাল	প্রধান দায়িত্ব ও কর্তব্যসমূহ

১২.প্রশিক্ষণ (যদি থাকে)

ক্র.নং	প্রশিক্ষণের নাম	প্রতিষ্ঠানের নাম	মেয়াদকাল	প্রশিক্ষণের মৌলিক বিষয়সমূহ

১৩.রেফারেন্স :

১। নাম :
বর্তমান ঠিকানা :
পেশা :
টেলিফোন/মোবাইল নম্বর :

২। নাম :
বর্তমান ঠিকানা :
পেশা :
টেলিফোন/মোবাইল নম্বর :

১৪. আবেদনকারীর স্বাক্ষর এবং তারিখ : ____________________